Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## দেশ রুপান্তর

২২ অক্টোবর ২০২৪

# ঢাবিতে ভর্তি পরীক্ষা শুরু ৪ জানুয়ারি

**আবেদন শুরু ৪ নভেম্বর**
**ফি ১০৫০**

**ঢাবি প্রতিনিধি**

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ভর্তি পরীক্ষা আগামী ৪ জানুয়ারি থেকে শুরু হবে এবং অনলাইনে আবেদন কার্যক্রম ৪ নভেম্বর দুপুর ১২টায় শুরু হবে। ২৫ নভেম্বর রাত ১১টা ৫৯ মিনিটে অনলাইনে আবেদন কার্যক্রম শেষ হবে। এবারের ভর্তি পরীক্ষার আবেদন ফি ১ হাজার ৫০ টাকা নির্ধারণ করা হয়েছে।

গতকাল সোমবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে অনুষ্ঠিত সাধারণ ভর্তি কমিটির সভায় এসব সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম'-এ ভর্তি পরীক্ষার সময়সূচি নির্ধারণ করা হয়েছে। সময়সূচি অনুযায়ী 'কলা, আইন ও সামাজিকবিজ্ঞান ইউনিট'-এর ভর্তি পরীক্ষা আগামী ২৫ জানুয়ারি শনিবার; 'বিজ্ঞান ইউনিট'-এর ভর্তি পরীক্ষা ১ ফেব্রুয়ারি শনিবার; 'ব্যবসায় শিক্ষা ইউনিট'-এর ভর্তি পরীক্ষা ৮ ফেব্রুয়ারি শনিবার এবং 'চারুকলা ইউনিট'-এর ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান ও অঙ্কন) ৪ জানুয়ারি শনিবার অনুষ্ঠিত হবে। সব ইউনিটের ভর্তি পরীক্ষা বেলা ১১টা থেকে দুপুর ১২টা ৩০ মিনিট পর্যন্ত হবে। 'চারুকলা ইউনিট' ছাড়া অন্য তিনটি ইউনিটের ভর্তি পরীক্ষা ঢাকাসহ আটটি বিভাগীয় শহরে হবে। বিভাগীয় কেন্দ্রসমূহ হচ্ছে রাজশাহী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ/কবি নজরুল বিশ্ববিদ্যালয় ত্রিশাল এবং বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়।

## সংবাদ

২২ অক্টোবর ২০২৪

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা ৪ জানুয়ারি থেকে

**প্রতিনিধি, ঢাকা বিশ্ববিদ্যালয়**

ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়েছে। গতকাল বিশ্ববিদ্যালয়ের সাধারণ ভর্তি কমিটির সভায় এই তারিখ নির্ধারণ করা হয়।

সিদ্ধান্ত অনুযায়ী আগামী ৪ জানুয়ারি চারুকলা অনুষদ দিয়ে এই পরীক্ষা শুরু হবে।

কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটের পরীক্ষা হবে ২৫ জানুয়ারি। বিজ্ঞান অনুষদেন পরীক্ষা হবে ১ ফেব্রুয়ারি। ব্যবসায় ইউনিটের ভর্তি পরীক্ষা হবে তার এক সপ্তাহ পর ৮ ফেব্রুয়ারি। প্রতিটি পরীক্ষা চলবে সকাল ১১ টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত হবে।

ভর্তি পরীক্ষার আবেদন শুরু হবে আগামী ৪ নভেম্বর দুপুর ১২টা থেকে।

## ইত্তেফাক

২২ অক্টোবর ২০২৪

# ঢাবির ভর্তি পরীক্ষার আবেদন শুরু ৪ নভেম্বর

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের আন্ডার গ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষার আবেদন শুরু হবে আগামী ৪ নভেম্বর। আগামী ২০ নভেম্বর রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত আবেদন করার সুযোগ থাকবে। ভর্তি পরীক্ষার আবেদন ফি পূর্বের মতোই ১০৫০ টাকা নির্ধারণ করা হয়েছে।

ভর্তি পরীক্ষা ৩ জানুয়ারি ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ)-এর পরীক্ষার মধ্য দিয়ে শুরু হবে। ৪ জানুয়ারি চারুকলা ইউনিট, ২৫ জানুয়ারি কলা, আইন ও সামাজিকবিজ্ঞান ইউনিট, ১ ফেব্রুয়ারি বিজ্ঞান ইউনিট, ৮ ফেব্রুয়ারি ব্যবসা শিক্ষা ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবার ভর্তি পরীক্ষায় কোনো কিছু পরিবর্তন আনা হয়নি। পূর্বের বছরের মতোই নিয়ম-পদ্ধতি এবং সিলেবাস থাকবে। সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় সাধারণ ভর্তি কমিটির এক সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এতে উপাচার্য অধ্যাপক নিয়াজ উদ্দিন আহমেদ সভাপতিত্ব করেন। অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক মোস্তাফিজুর রহমান এসব তথ্য নিশ্চিত করেছেন।

অধ্যাপক মোস্তাফিজুর রহমান আরো বলেন, আইবিএ বাদে অন্যান্য সব ইউনিটের ভর্তি পরীক্ষা বেলা ১১টা থেকে সাড়ে ১২টা পর্যন্ত চলবে। আইবিএ ভর্তি পরীক্ষা বেলা ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত চলবে। এছাড়া পরীক্ষার বাকি সবকিছু পূর্বের নিয়মেই চলবে। পরীক্ষা বিভাগীয় শহরগুলোতে অনুষ্ঠিত হবে।

## সংবাদ ২২ অক্টোবর ২০২৪

# ঢাবিতে ভর্তির আবেদন শুরু ৪ নভেম্বর, পরীক্ষা জানুয়ারিতে

শিক্ষা

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক**

● ২৫ নভেম্বর সোমবার রাত ১১টা ৫৯ মিনিটে অনলাইনে আবেদন কার্যক্রম শেষ হবে। ভর্তি পরীক্ষা আগামী ৪ জানুয়ারি শুরু হবে

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির জন্য অনলাইনে আবেদন কার্যক্রম আগামী ০৪ নভেম্বর ২০২৪ সোমবার দুপুর ১২টায় শুরু হবে। ২৫ নভেম্বর ২০২৪ সোমবার রাত ১১টা ৫৯ মিনিটে অনলাইনে আবেদন কার্যক্রম শেষ হবে। আর এই শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা আগামী ৪ জানুয়ারি শুরু হবে।

গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে অনুষ্ঠিত সাধারণ ভর্তি কমিটির সভায় এসব সিদ্ধান্ত গৃহীত হয়। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সভায় সভাপতিত্ব করেন।

সভায় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো বিজ্ঞপ্তিতে জানানো হয়, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ৪টি ইউনিটের মাধ্যমে 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম'-এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ইউনিটগুলো হচ্ছে- 'কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট', 'বিজ্ঞান ইউনিট', 'ব্যবসায় শিক্ষা ইউনিট' এবং 'চারুকলা ইউনিট'। ২৩ ডিসেম্বর ২০২৪ সোমবার থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।

সভায় 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম'-এ ভর্তি পরীক্ষার সময়সূচি নির্ধারণ করা হয়েছে। সময়সূচি অনুযায়ী 'কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট'-এর ভর্তি পরীক্ষা ২৫ জানুয়ারি ২০২৫ (শনিবার), 'বিজ্ঞান ইউনিট'-এর ভর্তি পরীক্ষা ১ ফেব্রুয়ারি ২০২৫ শনিবার, 'ব্যবসায় শিক্ষা ইউনিট'-এর ভর্তি পরীক্ষা ৮ ফেব্রুয়ারি ২০২৫ শনিবার এবং 'চারুকলা ইউনিট'-এর ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান ও অঙ্কন) ৪ জানুয়ারি ২০২৫ শনিবার অনুষ্ঠিত হবে। সকল ইউনিটের ভর্তি পরীক্ষা সকাল ১১টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

'চারুকলা ইউনিট' ব্যতীত অন্য ৩টি ইউনিটের ভর্তি পরীক্ষা ঢাকাসহ ৮টি বিভাগীয় শহরে অনুষ্ঠিত হবে। বিভাগীয় কেন্দ্রসমূহ হচ্ছে রাজশাহী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ/ কবি নজরুল বিশ্ববিদ্যালয় ত্রিশাল এবং বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়।

সভায় চারুকলা ইউনিট ছাড়া অন্যান্য ইউনিটের ভর্তি পরীক্ষায় ৬০ নম্বরের বহু নির্বাচনী এবং ৪০ নম্বরের লিখিত পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। শুধুমাত্র চারুকলা ইউনিটের পরীক্ষায় ৪০ নম্বরের বহু নির্বাচনী এবং ৬০ নম্বরের অঙ্কন পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়। চারুকলা ইউনিটের বহুনির্বাচনী পরীক্ষার জন্য ৩০ মিনিট এবং লিখিত পরীক্ষার জন্য ৬০ মিনিট সময় নির্ধারণ করা হয়েছে। অন্যান্য ইউনিটের বহু নির্বাচনী পরীক্ষার জন্য ৪৫ মিনিট এবং লিখিত পরীক্ষার জন্য ৪৫ মিনিট সময় নির্ধারণ করা হয়েছে। ভর্তি পরীক্ষায় মোট ১২০ নম্বরের ভিত্তিতে শিক্ষার্থীদের মূল্যায়ন করা হবে। এর মধ্যে ভর্তি পরীক্ষায় ১০০ এবং মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার ফলাফলের ওপর থাকবে ২০ নম্বর।

ভর্তিচ্ছু আবেদনকারীদের ন্যূনতম যোগ্যতা হিসেবে ২০১৯ থেকে ২০২২ সাল পর্যন্ত মাধ্যমিক/সমমান এবং ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) 'বিজ্ঞান ইউনিট'-এর জন্য জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৮ এবং আলাদাভাবে জিপিএ ৩.৫, 'কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট'-এর জন্য জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.৫ এবং আলাদাভাবে জিপি-৩.০, 'ব্যবসায় শিক্ষা ইউনিট'-এর জন্য জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.৫ এবং আলাদাভাবে জিপিএ ৩.০ এবং 'চারুকলা ইউনিট'-এর জন্য জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৬.৫ এবং আলাদাভাবে জিপিএ ৩.০ থাকতে হবে।

# সমকাল

## ২২ অক্টোবর ২০২৪

### ঢাবির ভর্তি পরীক্ষার আবেদন শুরু ৪ নভেম্বর

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষার আবেদন প্রক্রিয়া শুরু হবে আগামী ৪ নভেম্বর। এ কার্যক্রম চলমান থাকবে ২০ নভেম্বর রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত। আবেদন ফি আগের মতোই ১ হাজার ৫০ টাকা নির্ধারণ করা হয়েছে।

আগামী ৩ জানুয়ারি ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের (আইবিএ) পরীক্ষার মধ্য দিয়ে শুরু হবে এবারের ভর্তিযুদ্ধ। এরপর ৪ জানুয়ারি চারুকলা ইউনিট, ২৫ জানুয়ারি কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট, ১ ফেব্রুয়ারি বিজ্ঞান ইউনিট, ৮ ফেব্রুয়ারি ব্যবসা শিক্ষা ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবারের ভর্তি পরীক্ষায় কোনো কিছু পরিবর্তন করা হয়নি। আগের মতোই নিয়ম-পদ্ধতি ও সিলেবাস থাকবে।

# কালবেলা

## ২২ অক্টোবর ২০২৪

### ঢাবিতে ভর্তির আবেদন শুরু ৪ নভেম্বর

ঢাবি প্রতিনিধি ▸▸

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির অনলাইনে আবেদন কার্যক্রম আগামী ৪ নভেম্বর (সোমবার) দুপুর ১২টায় শুরু হবে। কার্যক্রম শেষ হবে ২৫ নভেম্বর (সোমবার) রাত ১১টা ৫৯ মিনিটে। আগামী ২৫ জানুয়ারি কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটের পরীক্ষার মাধ্যমে শুরু হবে ভর্তি পরীক্ষা।

গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে সাধারণ ভর্তি কমিটির সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়। সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। সভায় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মা[illegible] আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক [illegible]. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক এবং সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

জানা যায়, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ৪টি ইউনিটের মাধ্যমে 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম'- এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এগুলো হচ্ছে- 'কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট', 'বিজ্ঞান ইউনিট', 'ব্যবসায় শিক্ষা ইউনিট' এবং 'চারুকলা ইউনিট'। আগামী ২৩ ডিসেম্বর (সোমবার) থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।

সভায় নির্ধারিত সময়সূচি অনুযায়ী 'কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট'-এর ভর্তি পরীক্ষা আগামী ২৫ জানুয়ারি (শনিবার); 'বিজ্ঞান ইউনিট'-এর ভর্তি পরীক্ষা আগামী ১ ফেব্রুয়ারি (শনিবার); 'ব্যবসায় শিক্ষা ইউনিট'-এর ভর্তি পরীক্ষা আগামী ৮ ফেব্রুয়ারি (শনিবার) এবং 'চারুকলা ইউনিট'-এর ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান ও অঙ্কন) আগামী ৪ জানুয়ারি (শনিবার) হবে। পরীক্ষাগুলো সকাল ১১টা থেকে বেলা সাড়ে ১২ টা পর্যন্ত চলবে। চারুকলা ব্যতীত অন্য তিন ইউনিটের ভর্তি পরীক্ষা ঢাকাসহ ৮টি বিভাগীয় শহরে নেওয়া হবে। বিভাগীয় কেন্দ্রসমূহ হচ্ছে রাজশাহী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ/কবি নজরুল বিশ্ববিদ্যালয় ত্রিশাল এবং বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়।

# খবরের কাগজ

## ২২ অক্টোবর ২০২৪

### ঢাবিতে ভর্তি পরীক্ষার আবেদন শুরু ৪ নভেম্বর

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট ভর্তি পরীক্ষা আগামী ৩ জানুয়ারি থেকে শুরু হবে। এর আগে ভর্তির জন্য আবেদন প্রক্রিয়া শুরু হবে ৪ নভেম্বর। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের সাধারণ ভর্তি কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

সভায় বলা হয়, ৩ জানুয়ারি ভর্তি পরীক্ষা শুরু হয়ে ৮ ফেব্রুয়ারি শেষ হবে। আইবিএ ইউনিটের পরীক্ষা ৩ জানুয়ারি নির্ধারণ করা হয়েছে। এ ছাড়া ৪ জানুয়ারি চারুকলা ইউনিট, ২৫ জানুয়ারি কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট, ১ ফেব্রুয়ারি বিজ্ঞান ইউনিট, ৮ ফেব্রুয়ারি ব্যবসা শিক্ষা ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে। আগামী ৪ নভেম্বর দুপুর ১২টা থেকে ভর্তির আবেদন শুরু হবে, যা চলবে ২৫ নভেম্বর রাত ১১.৫৯ পর্যন্ত। ভর্তি পরীক্ষার আবেদন ফি ১০৫০ টাকা নির্ধারণ করা হয়েছে।

# প্রথম আলো

## ২২ অক্টোবর ২০২৪

ঢাকা বিশ্ববিদ্যালয়

### ভর্তি পরীক্ষার আবেদন শুরু ৪ নভেম্বর

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) প্রথম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার আবেদন শুরু হবে আগামী ৪ নভেম্বর। ভর্তি পরীক্ষা আগামী ৩ জানুয়ারি শুরু হবে। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের সাধারণ ভর্তি কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সাধারণ ভর্তি কমিটির সভায় সিদ্ধান্ত অনুযায়ী, আগামী ৩ জানুয়ারি আইবিএ, ৪ জানুয়ারি চারুকলা, ২৫ জানুয়ারি কলা, সামাজিক বিজ্ঞান ও আইন, ১ ফেব্রুয়ারি বিজ্ঞান, ৮ ফেব্রুয়ারি ব্যবসায় ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার আবেদন শুরু হবে ৪ নভেম্বর দুপুর ১২টায়। শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন ২৫ নভেম্বর রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত। এবারের ভর্তি পরীক্ষার আবেদন ফি ১ হাজার ৫০ টাকা নির্ধারণ করা হয়েছে।

**প্রতিবেদক**, *ঢাকা বিশ্ববিদ্যালয়*

# খোলা কাগজ

## ২২ অক্টোবর ২০২৪

### ঢাবিতে ভর্তি পরীক্ষা শুরু ৪ জানুয়ারি

খোলা কাগজ প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা আগামী বছরের ৪ জানুয়ারি থেকে শুরু হতে যাচ্ছে। আগামী ৪ নভেম্বর থেকে অনলাইনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন। গতকাল সোমবার বিকালে অনলাইন ভর্তি কমিটির এক সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোস্তাফিজুর রহমান এ তথ্য জানিয়েছেন। তিনি জানান, ২০২৫ সালের ৪ জানুয়ারি চারুকলা ইউনিটের পরীক্ষার মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরু হবে। কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা ২৫ জানুয়ারি, বিজ্ঞান ইউনিটের পরীক্ষা ১ ফেব্রুয়ারি, এবং ব্যবসায় শিক্ষা ইউনিটের পরীক্ষা ৮ ফেব্রুয়ারি হবে।

দৈনিক বর্তমান
২২ অক্টোবর ২০২৪



াধারণ ভর্তি কমিটির এক সভা সোমবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়। . নিয়াজ আহমদ খান সভায় সভাপতিত্ব করেন -বর্তমান

# আগামী ৪ নভেম্বর থেকে ঢাবি আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির আবেদন শুরু

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির জন্য অনলাইনে আবেদন কার্যক্রম আগামী সোমবার দুপুর ১২টায় শুরু হবে। আগামী ২৫ নভেম্বর ২০২৪ সোমবার রাত ১১টা ৫৯ মিনিটে অনলাইনে আবেদন কার্যক্রম শেষ হবে। আজ ২১ অক্টোবর ২০২৪ সোমবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে অনুষ্ঠিত সাধারণ ভর্তি কমিটির সভায় এসব সিদ্ধান্ত গৃহীত হয়। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সভায় সভাপতিত্ব করেন। সভায় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক

এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

## আগামী ৪ নভেম্বর

ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ৪টি ইউনিটের মাধ্যমে 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম'-এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ইউনিটগুলো হচ্ছে- 'কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট', 'বিজ্ঞান ইউনিট', 'ব্যবসায় শিক্ষা ইউনিট' এবং 'চারুকলা ইউনিট'। আগামী ২৩ ডিসেম্বর ২০২৪ সোমবার থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।

সভায় 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম'-এ ভর্তি পরীক্ষার সময়সূচি নির্ধারণ করা হয়েছে। সময়সূচি অনুযায়ী 'কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট'-এর ভর্তি পরীক্ষা আগামী ২৫ জানুয়ারি ২০২৫ শনিবার, 'বিজ্ঞান ইউনিট'-এর ভর্তি পরীক্ষা আগামী ০১ ফেব্রুয়ারি ২০২৫ শনিবার, 'ব্যবসায় শিক্ষা ইউনিট'-এর ভর্তি পরীক্ষা আগামী ০৮ ফেব্রুয়ারি ২০২৫ শনিবার এবং 'চারুকলা ইউনিট'-এর ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান ও অঙ্কন) আগামী ০৪ জানুয়ারি ২০২৫ শনিবার অনুষ্ঠিত হবে। সকল ইউনিটের ভর্তি পরীক্ষা সকাল ১১ :০০টা থেকে দুপুর ১২ :৩০ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। 'চারুকলা ইউনিট' ব্যতীত অন্য ৩টি ইউনিটের ভর্তি পরীক্ষা ঢাকাসহ ৮টি বিভাগীয় শহরে অনুষ্ঠিত হবে। বিভাগীয় কেন্দ্রসমূহ হচ্ছে রাজশাহী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ/ কবি নজরুল বিশ্ববিদ্যালয় ত্রিশাল এবং বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়।

সভায় চারুকলা ইউনিট ছাড়া অন্যান্য ইউনিটের ভর্তি পরীক্ষায় ৬০ নম্বরের MCQ এবং ৪০ নম্বরের লিখিত পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। শুধুমাত্র চারুকলা ইউনিটের পরীক্ষায় ৪০ নম্বরের MCQ এবং ৬০ নম্বরের অঙ্কন পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়। চারুকলা ইউনিটের MCQ পরীক্ষার জন্য ৩০ মিনিট এবং লিখিত পরীক্ষার জন্য ৬০ মিনিট সময় নির্ধারণ করা হয়েছে। অন্যান্য ইউনিটের MCQ পরীক্ষার জন্য ৪৫ মিনিট এবং লিখিত পরীক্ষার জন্য ৪৫ মিনিট সময় নির্ধারণ করা হয়েছে। ভর্তি পরীক্ষায় মোট ১২০ নম্বরের ভিত্তিতে শিক্ষার্থীদের মূল্যায়ন করা হবে। এরমধ্যে ভর্তি পরীক্ষায় ১০০ এবং মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার ফলাফলের উপর থাকবে ২০ নম্বর।

ভর্তিচ্ছু আবেদনকারীদের ন্যূনতম যোগ্যতা হিসেবে ২০১৯ থেকে ২০২২ সন পর্যন্ত মাধ্যমিক/সমমান এবং ২০২৪ সনের উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) 'বিজ্ঞান ইউনিট'-এর জন্য জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৮ এবং আলাদাভাবে জিপিএ ৩.৫, 'কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট'-এর জন্য জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.৫ এবং আলাদাভাবে জিপিএ ৩.০, 'ব্যবসায় শিক্ষা ইউনিট'-এর জন্য জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.৫ এবং আলাদাভাবে জিপিএ ৩.০ এবং 'চারুকলা ইউনিট'-এর জন্য জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৬.৫ এবং আলাদাভাবে জিপিএ ৩.০ থাকতে হবে।

# Daily Observer
## 22 October 2024

### DU entry tests begin Jan 4

**DU Correspondent**

The admission tests for the first-year undergraduate students at Dhaka University (DU) under 2024-25 academic session will be held on January 4 at the Fine Arts Faculty.

According to decision made at a meeting of the university's General Admission Committee on Monday, Arts, Law, and

SEE PAGE 2 COL 1

### DU entry tests

FROM PAGE 1

Social Sciences unit tests will be held on January 25, Science unit test on February 1, Business Studies unit test on February 8.

However, the admission examination in the Institute of Business Administration (IBA) will be held on January 3.

The application process for the admission tests will begin at 12:00pm on November 4 and will continue till 11:59pm on Novem

Alth dent deman applica too, the university authorities have fixed the fee at Tk 1,050.

# সময়ের আলো
## ২২ অক্টোবর ২০২৪

### ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি আবেদন ৪ নভেম্বর থেকে

#### ভর্তি পরীক্ষা শুরু ৩ জানুয়ারি থেকে

**ঢাবি প্রতিনিধি**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষার আবেদন শুরু হবে আগামী ৪ নভেম্বর। আগামী ২০ নভেম্বর রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত আবেদন করার সুযোগ থাকবে। ভর্তি পরীক্ষার আবেদন ফি আগের মতোই ১ হাজার ৫০ টাকা নির্ধারণ করা হয়েছে।

৩ জানুয়ারি বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের (আইবিএ) পরীক্ষার মধ্য দিয়ে শুরু হবে ভর্তি পরীক্ষা। ৪ জানুয়ারি চারুকলা ইউনিট, ২৫ জানুয়ারি কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট, ১ ফেব্রুয়ারি বিজ্ঞান ইউনিট, ৮ ফেব্রুয়ারি ব্যবসা শিক্ষা ইউনিটের পরীক্ষা হবে। সোমবার ঢাকা

এরপর পৃষ্ঠা ৫ কলাম ১

### ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি আবেদন ৪ নভেম্বর থেকে

তৃতীয় পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয় সাধারণ ভর্তি কমিটির এক সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়। এতে উপাচার্য অধ্যাপক নিয়াজ উদ্দিন আহমেদ সভাপতিত্ব করেন। অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক মোস্তাফিজুর রহমান সময়ের আলোকে এসব তথ্য নিশ্চিত করেন। অধ্যাপক মোস্তাফিজুর রহমান জানান, এবার ভর্তি পরীক্ষায় কোনো কিছু পরিবর্তন আনা হয়নি। আগের বছরের মতোই নিয়ম-পদ্ধতি এবং সিলেবাস থাকবে।

আইবিএ বাদে অন্য সব ইউনিটের ভর্তি পরীক্ষা বেলা ১১টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত চলবে। আইবিএ ভর্তি পরীক্ষা সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত চলবে। এ ছাড়া পরীক্ষার বাকি সব কিছু আগের নিয়মেই চলবে। পরীক্ষা বিভাগীয় শহরগুলোতে অনুষ্ঠিত হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার সব তথ্য বিশ্ববিদ্যালয়ের ভর্তি ওয়েবসাইটে পাওয়া যাবে।

# ইনকিলাব
## ২২ অক্টোবর ২০২৪

### ঢাবির ভর্তি পরীক্ষা শুরু ৪ জানুয়ারি ৯ নভেম্বর থেকে আবেদন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) প্রথম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা আগামী ৪ জানুয়ারি থেকে শুরু হবে। ৪ নভেম্বর থেকে ভর্তির আবেদন শুরু প্রক্রিয়া শুরু হবে। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের সাধারণ ভর্তি কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। পরে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতরের ভারপ্রাপ্ত পরিচালক রফিকুল ইসলাম পান্না স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করা হয়।

সাধারণ ভর্তি কমিটির সভায় সিদ্ধান্ত অনুযায়ী, আগামী ৪ জানুয়ারি চারুকলা, ২৫ জানুয়ারি কলা, সামাজিক বিজ্ঞান ও আইন, ১ ফেব্রুয়ারি বিজ্ঞান, ও ৮ ফেব্রুয়ারি ব্যবসায় ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার আবেদন শুরু হবে আগামী ৪ নভেম্বর দুপুর ১২টা হতে। চলবে ২৫ নভেম্বর রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত। ২৩ ডিসেম্বর থেকে ভর্তির প্রবেশ পত্র ডাউনলোড করতে পারবে শিক্ষার্থীরা। ভর্তি পরীক্ষার আবেদন ফি ১ হাজার ৫০ টাকা নির্ধারণ করা হয়েছে।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, চারুকলা ইউনিট ব্যতীত অন্য ৩টি ইউনিটের ভর্তি পরীক্ষা ঢাকাসহ ৮টি বিভাগীয় শহরে অনুষ্ঠিত হবে। বিভাগীয় কেন্দ্রসমূহ হচ্ছে রাজশাহী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ/ কবি নজরুল বিশ্ববিদ্যালয় ত্রিশাল এবং বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়।

সভায় চারুকলা ইউনিট ছাড়া অন্যান্য ইউনিটের ভর্তি পরীক্ষায় ৬০ নম্বরের এমসিকিউ এবং ৪০ নম্বরের লিখিত পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। শুধুমাত্র চারুকলা ইউনিটের পরীক্ষায় ৪০ নম্বরের এমসিকিউ এবং ৬০ নম্বরের অঙ্কন পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়। চারুকলা ইউনিটের এমসিকিউ পরীক্ষার জন্য ৩০ মিনিট এবং লিখিত পরীক্ষার জন্য ৬০ মিনিট সময় নির্ধারণ করা হয়েছে। অন্যান্য ইউনিটের এমসিকিউ পরীক্ষার জন্য ৪৫ মিনিট এবং লিখিত পরীক্ষার জন্য ৪৫ মিনিট সময় নির্ধারণ করা হয়েছে। ভর্তি পরীক্ষায় মোট ১২০ নম্বরের ভিত্তিতে শিক্ষার্থীদের মূল্যায়ন করা হবে। এরমধ্যে ভর্তি পরীক্ষায় ১০০ এবং মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার ফলাফলের উপর থাকবে ২০ নম্বর।

ভর্তিচ্ছু আবেদনকারীদের ন্যূনতম যোগ্যতা হিসেবে উল্লেখ করা হয়েছে, ২০১৯ থেকে ২০২২ সন পর্যন্ত মাধ্যমিক/সমমান এবং ২০২৪ সনের উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। পরীক্ষায় (৪র্থ বিষয়সহ)"বিজ্ঞান ইউনিট"-এর জন্য জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৮ এবং আলাদাভাবে জিপিএ ৩.৫,"কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট"-এর জন্য জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.৫ এবং আলাদাভাবে জিপিএ ৩.০,"ব্যবসায় শিক্ষা ইউনিট"-এর জন্য জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.৫ এবং আলাদাভাবে জিপিএ ৩.০ এবং"চারুকলা ইউনিট"-এর জন্য জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৬.৫ এবং আলাদাভাবে জিপিএ ৩.০ থাকতে হবে।

এর আগে গত ১৪ অক্টোবর বিশ্ববিদ্যালয়ের ডিনস কমিটির সভায় আগামী ১৩ ডিসেম্বর থেকে এই ভর্তি পরীক্ষা শুরু হতে পারে বলে প্রাথমিক সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। তবে গত বুধবার ভর্তি পরীক্ষা পেছানোর দাবিতে ভিসি বরাবর স্মারকলিপি দিয়েছিল বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদল।

## জনকণ্ঠ

২২ অক্টোবর ২০২৪

### ঢাবির ভর্তি পরীক্ষা শুরু ৪ জানুয়ারি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্নাতক প্রথম বর্ষের (ঢাবি) ভর্তি পরীক্ষা আগামী ৪ জানুয়ারি থেকে শুরু হবে। সোমবার ঢাবির ভর্তি কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

সভার সিদ্ধান্ত অনুযায়ী, আগামী ৪ নভেম্বর দুপুর ১২টা থেকে ভর্তি পরীক্ষার আবেদন গ্রহণ শুরু হবে।

যা ২৫ নভেম্বর রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত চলবে। ভর্তি পরীক্ষার আবেদন ফি নির্ধারণ করা হয়েছে ১ হাজার ৫০ টাকা।

এর আগে, আগামী ১৩ ডিসেম্বর থেকে এই ভর্তি পরীক্ষা শুরু হতে পারে বলে প্রাথমিক সিদ্ধান্ত নিয়েছিল ডিনস কমিটি। পরে গত বুধবার ভর্তি পরীক্ষা পেছানোর দাবিতে উপাচার্য বরাবর স্মারকলিপি দিয়েছিল বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদল।

## আমাদের সময়

২২ অক্টোবর ২০২৪

### ঢাবিতে ভর্তি
### আবেদন শুরু ৪ নভেম্বর, পরীক্ষা ৪ জানুয়ারি

ঢাবি প্রতিবেদক ● ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির জন্য অনলাইনে আবেদন কার্যক্রম শুরু হবে আগামী ৪ নভেম্বর দুপুর ১২টা থেকে। ২৫ নভেম্বর রাত ১১টা ৫৯ মিনিটে অনলাইনে আবেদন করার সুযোগ থাকবে। আর পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করা যাবে আগামী ২৩ ডিসেম্বর থেকে।

গতকাল সোমবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে অনুষ্ঠিত সাধারণ ভর্তি কমিটির সভায় এসব সিদ্ধান্ত গৃহীত হয়। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এতে সভাপতিত্ব করেন। ■ এরপর পৃষ্ঠা ২, কলাম ৬

### আবেদন শুরু

(শেষ পৃষ্ঠার পর) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ৪টি ইউনিটের মাধ্যমে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ইউনিটগুলো হলো- 'কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট', 'বিজ্ঞান ইউনিট', 'ব্যবসায় শিক্ষা ইউনিট' এবং চারুকলা ইউনিট'।

সভায় ভর্তি পরীক্ষার সময়সূচি নির্ধারণ করা হয়েছে। সময়সূচি অনুযায়ী কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা আগামী ২৫ জানুয়ারি, বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা আগামী ১ ফেব্রুয়ারি, ব্যবসায় শিক্ষা ইউনিটের ভর্তি পরীক্ষা আগামী ৮ ফেব্রুয়ারি এবং চারুকলা ইউনিটের ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান ও অঙ্কন) আগামী ৪ জানুয়ারি অনুষ্ঠিত হবে। সব ইউনিটের ভর্তি পরীক্ষা বেলা ১১টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

'চারুকলা ইউনিট' ব্যতীত অন্য ৩টি ইউনিটের ভর্তি পরীক্ষা ঢাকাসহ ৮টি বিভাগীয় শহরে অনুষ্ঠিত হবে। সভায় চারুকলা ইউনিট ছাড়া অন্য ইউনিটের ভর্তি পরীক্ষায় ৬০ নম্বরের এমসিকিউ এবং ৪০ নম্বরের লিখিত পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। শুধু চারুকলা ইউনিটের পরীক্ষায় ৪০ নম্বরের এমসিকিউ এবং ৬০ নম্বরের অঙ্কন পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়। চারুকলা ইউনিটের এমসিকিউ পরীক্ষার জন্য ৩০ মিনিট এবং লিখিত পরীক্ষার জন্য ৬০ মিনিট সময় নির্ধারণ করা হয়েছে। অন্য ইউনিটের এমসিকিউ পরীক্ষার জন্য ৪৫ মিনিট এবং লিখিত পরীক্ষার জন্য ৪৫ মিনিট সময় নির্ধারণ করা হয়েছে।

ভর্তিচ্ছু আবেদনকারীদের ন্যূনতম যোগ্যতা হিসেবে ২০১৯ থেকে ২০২২ সন পর্যন্ত মাধ্যমিক/সমমান এবং ২০২৪ সনের উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) বিজ্ঞান ইউনিটের জন্য জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৮ এবং আলাদাভাবে জিপিএ ৩.৫, কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটের জন্য জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.৫ এবং আলাদাভাবে জিপিএ ৩.০, ব্যবসায় শিক্ষা ইউনিটের জন্য জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.৫ এবং আলাদাভাবে জিপিএ ৩.০ এবং চারুকলা ইউনিটের জন্য জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৬.৫ এবং আলাদাভাবে জিপিএ ৩.০ থাকতে হবে।

## The F. Express

### DU admission test to begin Jan 3

DU CORRESPONDENT

Applications for the first-year undergraduate admission tests for the 2024-25 academic session of Dhaka University (DU) will commence on November 4, with the first admission test exams scheduled to be held on January 3.

The university's General Admission Committee made the decision during a meeting on Monday.

The admission test for the Institute of Business Administration (IBA) will be held on January 3, followed by the Faculty of Fine Arts on January 4.

Admission tests for the Faculty of Arts, Social Sciences, and Law are scheduled to be held on January 25, while the test for the Faculty of Science will be held on February 1, and Business Studies on February 8, according to the decisions made by the committee.

The application process will open at 12 pm on November 4 and will continue until 11:59 pm on November 25. The application fee has been set at Tk 1,050.

## ভোরের কাগজ

২২ অক্টোবর ২০২৪

### ঢাবির ভর্তি যুদ্ধ শুরু ৪ জানুয়ারি

ঢাবি প্রতিনিধি : ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ভর্তি পরীক্ষা আগামী বছরের ৪ জানুয়ারি থেকে শুরু হবে। চারুকলা ইউনিটের ভর্তি পরীক্ষার মাধ্যমে এই ভর্তি যুদ্ধ শুরু হবে। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের সাধারণ ভর্তি কমিটির সভায় ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা নিয়ে এসব সুপারিশ করা হয়।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, সাধারণ ভর্তি কমিটির সুপারিশ অনুযায়ী আগামী বছরের ৪ জানুয়ারি চারুকলা ইউনিট (সাধারণ জ্ঞান ও অংকন), ২৫ জানুয়ারি কলা আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট, ১ ফেব্রুয়ারি বিজ্ঞান ইউনিট, ৩ ফেব্রুয়ারি আইবিএ ইউনিট, ৮ ফেব্রুয়ারি ব্যবসায় শিক্ষায় ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

সভায় ভর্তি পরীক্ষার আবেদন ফি ১০৫০ টাকা নির্ধারণ করা হয়েছে।

## প্রতিদিনের সংবাদ

২২ অক্টোবর ২০২৪

### ঢাবিতে ভর্তি পরীক্ষার আবেদন ৪ নভেম্বর শুরু

● নিজস্ব প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের আন্ডারগ্রাজ্যুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষার আবেদন শুরু হবে আগামী ৪ নভেম্বর। আগামী ২০ নভেম্বর রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত আবেদন করার সুযোগ থাকবে। ভর্তি পরীক্ষার আবেদন ফি আগের মতোই ১ হাজার ৫০ টাকা নির্ধারণ করা হয়েছে।

ভর্তি পরীক্ষা ৩ জানুয়ারি ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটে (আইবিএ) পরীক্ষার মধ্য দিয়ে শুরু হবে। ৪ জানুয়ারি চারুকলা ইউনিট, ২৫ জানুয়ারি কলা, আইন ও সামাজিকবিজ্ঞান ইউনিট, ১ ফেব্রুয়ারি বিজ্ঞান ইউনিট, ৮ ফেব্রুয়ারি ব্যবসা শিক্ষা ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এবার ভর্তি পরীক্ষায় কোনো কিছু পরিবর্তন আনা হয়নি। আগের বছরের মতোই নিয়ম-পদ্ধতি এবং সিলেবাস থাকবে। গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় সাধারণ ভর্তি ■ এরপর পৃষ্ঠা ১১ কলাম ৫

### ঢাবিতে ভর্তি

■ ১২ পৃষ্ঠার পর

কমিটির এক সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এতে উপাচার্য অধ্যাপক নিয়াজ উদ্দিন আহমেদ সভাপতিত্ব করেন। অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক মোস্তাফিজুর রহমান এসব তথ্য নিশ্চিত করেছেন।

অধ্যাপক মোস্তাফিজুর রহমান আরো বলেন, আইবিএ বাদে অন্যান্য সব ইউনিটের ভর্তি পরীক্ষা সকাল ১১টা থেকে সাড়ে ১২টা পর্যন্ত চলবে। আইবিএ ভর্তি পরীক্ষা সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত চলবে। এ ছাড়া পরীক্ষার বাকি সব কিছু পূর্বের নিয়মেই চলবে। পরীক্ষা বিভাগীয় শহরগুলোতে অনুষ্ঠিত হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার সব তথ্য বিশ্ববিদ্যালয়ের ভর্তি ওয়েবসাইটে পাওয়া যাবে। পরীক্ষার আবেদনও ভর্তি ওয়েবসাইটে করবেন শিক্ষার্থীরা।